ঘোমটা প্রথার বিরুদ্ধে প্রতিবাদ

কান চলচ্চিত্র উৎসবের রেড কার্পেটে অভিনব প্রতিবাদ! রাজস্থানি ঐতিহ্যবাহী পোশাকের সঙ্গে নাটকীয় ভাবে ঘোমটা টেনে সবার নজর কাড়লেন ভারতীয় মডেল, নেটপ্রভাবী ও অভিনেত্রী রুচি গুজ্জর। আন্তর্জাতিক মঞ্চকে তিনি ব্যবহার করলেন ভারতের গ্রামীণ এলাকায় জোর করে ঘোমটা পরানো প্রথার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে। মঙ্গলবার কান চলচ্চিত্র উৎসবের রেড কার্পেটে রাজস্থানি সাজে মুখ ঢেকে হেঁটে যখন রুচি আসেন, সবার চোখ আটকে যায় তাঁর দিকে। রুচি জানান, ভারতের গ্রামীণ এলাকার কিছু অংশে আজও যে জোর করে ঘোমটা টেনে রাখার নিয়ম আছে, তারই প্রতিবাদ জানাতে তিনি এই বিশ্বমঞ্চকে বেছে নিয়েছেন।

গডার্ড অ্যাস্ট্রোনটিক্সে পুরস্কৃত চন্দ্রযান-৩

চাঁদের বুকে যুগান্তকারী সাফল্যের স্বীকৃতি হিসেবে অত্যন্ত মর্যাদাপূর্ণ ২০২৬ গডার্ড অ্যাস্ট্রোনটিক্স পুরস্কারে চন্দ্রযান-৩ অভিযানকে ভূষিত করল আমেরিকান ইনস্টিটিউট অফ এরোনটিক্স অ্যান্ড অ্যাস্ট্রোনটিক্স (এআইএএ)। পুরস্কারের মানপত্রে বলা হয়েছে, চন্দ্রযান-৩ এমন কিছু গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক তথ্য পাঠিয়েছে, যা ভবিষ্যতে চাঁদে মানুষের যাওয়ার পথকে আরও সুগম করতে পারে। মহাকাশবিজ্ঞানের ক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্য এআইএএ-র তরফ থেকে দেওয়া এটিই সর্বোচ্চ সম্মান। রকেট বিজ্ঞানের পথপ্রদর্শক বিজ্ঞানী রবার্ট এইচ গডার্ডের স্মৃতিতে এই পুরস্কার চালু করা হয়। ২০২৩ সালের ২৩ আগস্ট চন্দ্রযান-৩ চাঁদের দক্ষিণ মেরুর কাছে সফল ভাবে পা রেখে ইতিহাস তৈরি করেছিল।

হাতের জোরে এভারেস্ট জয়!

দুই পা হারিয়েও কৃত্রিম পা ছাড়াই প্রথম ব্যক্তি হিসেবে এভারেস্ট জয় করলেন রুস্তম নাবিয়েভ। একটি সামরিক দুর্ঘটনায় তিনি দু'টি পা-ই হারান। ২০ মে পা বাদ যাওয়া ব্যক্তিদের মধ্যে চতুর্থ হিসেবে এভারেস্ট জয় করলেন তিনি, তবে শুধুমাত্র হাতের জোরে এই শৃঙ্গ জয় করার নজির পৃথিবীতে এই প্রথম। এর আগে ২০০৬ সালে মার্ক ইংলিস কৃত্রিম পায়ের সাহায্যে এভারেস্টের চূড়ায় পা রেখেছিলেন। রুস্তম নাবিইভ রুশ বায়ুসেনার (এয়ারবোর্ন ফোর্সেস) প্যারাট্রুপার ছিলেন। ২০১৫ সালের ১২ জুলাই ওমস্ক শহরে নাবিয়েভের সামরিক প্রশিক্ষণের ব্যারাক ভেঙে পড়ে। সেই দুর্ঘটনায় তাঁর দুই পা-ই কেটে বাদ দিতে হয়।

তুলসী গ্যাবার্ড ইস্তফা দিলেন

আমেরিকার ডিরেক্টর অফ ন্যাশনাল ইন্টেলিজেন্স বা জাতীয় গোয়েন্দা পরিচালক তুলসী গ্যাবার্ড ইস্তফার কথা ঘোষণা করলেন। ফক্স নিউজ ডিজিটালে এই খবর প্রকাশিত হয়েছে। শুক্রবার ওভাল অফিসে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এক বৈঠকে তিনি নিজের এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি জানিয়েছেন, স্বামী আব্রাহাম উইলিয়ামস বিরল হাড়ের ক্যানসার আক্রান্ত। স্বামীর এই কঠিন লড়াইয়ে তাঁর পাশে থাকা এবং পরিবারকে সময় দেওয়ার জন্য তিনি ইস্তফা দিচ্ছেন। আগামী জুন মাসের শেষে এই দায়িত্ব থেকে তিনি অব্যাহতি নেবেন।

বাংলাদেশে 'পুশ ব্যাক' করা ভারতীয়দের ফেরাচ্ছে কেন্দ্র

আজকালের প্রতিবেদন
দিল্লি, ২২ মে

বাংলাদেশে আটকে থাকা বীরভূমের পরিযায়ী শ্রমিকদের ১০ দিনের মধ্যে দেশে ফেরানো হবে। কেন্দ্রীয় সরকারকে এমনই নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। শুক্রবার কেন্দ্রের তরফে আদালতে জানানো হয়েছে, ভারতে ফিরিয়ে এনে তাঁদের ভারতীয় নাগরিকত্বের দাবি খতিয়ে দেখা হবে। কেন্দ্রের পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহতা প্রধান বিচারপতি সূর্য কান্তের নেতৃত্বাধীন বেঞ্চকে জানান, মামলার বিশেষ পরিস্থিতির কথা বিবেচনা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এটিকে ভবিষ্যতের অন্য মামলার ক্ষেত্রে নজির হিসেবে ধরা যাবে না বলেও তিনি স্পষ্ট করেন। ১০ দিনের মধ্যে বাংলাদেশ থেকে ফেরানো হবে সুইটি বিবি-সহ সহ অন্যদের।

এদিন তুষার মেহতা আদালতে বলেন, সরকার বাংলাদেশে পাঠানো সংশ্লিষ্ট ব্যক্তিদের ভারতে ফিরিয়ে এনে তাঁদের নাগরিকত্বের সত্যতা যাচাই করবে। সেই প্রক্রিয়ার ফলাফলের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ করা হবে। তাঁদের ফিরিয়ে আনতে আট থেকে দশ দিন সময় লাগতে পারে বলেও আদালতকে জানানো হয়। এই মামলার পরবর্তী শুনানি জুলাই মাসে ধার্য করেছে সুপ্রিম কোর্ট। এই মামলাটি শুরু হয় কলকাতা হাইকোর্টে। ২০২৫ সালের ২৬ সেপ্টেম্বর এক নির্দেশকে চ্যালেঞ্জ করে কেন্দ্রের করা আবেদনের ভিত্তিতে। ওই নির্দেশে হাইকোর্ট বীরভূমের বাসিন্দা সোনালি খাতুন ও অন্য কয়েকজনকে বাংলাদেশে পাঠানোর কেন্দ্রীয় সিদ্ধান্তকে 'অবৈধ' বলে বাতিল করেছিল।

গত বছরের ৩ ডিসেম্বর সুপ্রিম কোর্ট মানবিক কারণে সোনালি এবং তাঁর আট বছরের শিশুকে ভারতে ফেরার অনুমতি দেয়। আদালত পশ্চিমবঙ্গ সরকারকে শিশুটির দেখভালের নির্দেশ দেয় এবং বীরভূমের মুখ্য স্বাস্থ্য আধিকারিককে গর্ভবতী সোনালির চিকিৎসা ও বিনামূল্যে প্রসবের ব্যবস্থা করতে বলে। কাজের সন্ধানে দিল্লিতে গিয়ে আটক হয়েছিলেন সোনালি, সুইটিরা। পরে অভিযোগ ওঠে সোনালি, তাঁর নাবালক সন্তান, স্বামী দানিশের পাশাপাশি দুই পুত্র-সহ সুইটিকে গত জুনে অসম সীমান্ত দিয়ে বাংলাদেশে 'পুশ ব্যাক' করা হয়। পরে জানা যায়, বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জের পুলিশ অনুপ্রবেশকারী হিসাবে ছ'জনকে গ্রেপ্তার করেছে। পরে অবশ্য সোনালি ও তাঁর শিশুকে দেশে ফেরানো হয়। আটকে থাকেন সুইটি ও তাঁর সন্তান এবং দানিশ। এবার তাঁদের ফেরানোর কথা বলল সুপ্রিম কোর্ট।

ভাষা-বিতর্ক নবম শ্রেণিতে, মামলা

আজকালের প্রতিবেদন
দিল্লি, ২২ মে

চলতি শিক্ষাবর্ষ থেকেই নবম শ্রেণিতে পড়তে হবে তিনটি ভাষা, এমনটাই জানিয়েছিল সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই)। এ বার সেই নির্দেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন অভিভাবক ও পড়ুয়ারা।

সিবিএসই

শুক্রবার মামলাকারীদের আইনজীবী মুকুল রোহতগি দ্রুত মামলাটি শুনানির জন্য আবেদন জানান। প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে, আগামী সপ্তাহে মামলাটির শুনানি হবে। এদিন রোহতগি আদালতে জানান, 'এটি দেশ জুড়ে ছাত্রছাত্রী, শিক্ষক এবং অভিভাবকদের পক্ষ থেকে সিবিএসই-র নতুন নীতিকে চ্যালেঞ্জ জানিয়ে করা একটি আবেদন। যার মাধ্যমে নবম শ্রেণিতে আরও একটি ভাষা বাধ্যতামূলক করা হয়েছে। নবম শ্রেণির একজন শিক্ষার্থী কীভাবে দশম শ্রেণিতে একটি নতুন ভাষা নিয়ে পরীক্ষা দেবে? এতে বিশৃঙ্খলার সৃষ্টি হবে।'

এদিকে, ডিজিটাল খাতা দেখায় সমস্যা নিয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে সিবিএসই। প্রযুক্তিগত ত্রুটির মাঝেই পরীক্ষার খাতার প্রতিলিপি দেখার আবেদনের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ২৩ মে থেকে আরও ২৪ ঘণ্টা বাড়িয়ে ২৪ মে করা হয়েছে। বোর্ড জানিয়েছে, যান্ত্রিক ত্রুটির কারণে অনেক পড়ুয়াই পোর্টাল খুলতে পারছিল না, তাই এই আবেদনের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। নম্বর যাচাই ও পুনর্মূল্যায়নের জন্য কোনও সময়সীমা বৃদ্ধি করা হয়নি।

ইউপির নির্বাচনে কং নজরে ইবিসি

আজকালের প্রতিবেদন
দিল্লি, ২২ মে

উত্তরপ্রদেশ বিধানসভা নির্বাচনের এখনও প্রায় দশ মাস বাকি। কিন্তু তার আগেই রাজনৈতিক তৎপরতা তুঙ্গে উঠেছে দেশের বৃহত্তম এই রাজ্যে। শাসক বিজেপির পাশাপাশি বিরোধী শিবিরও এখন থেকেই ভোটের অঙ্ক কষতে শুরু করেছে। বিশেষ করে জাতপাতের সমীকরণকে সামনে রেখে নতুন কৌশল সাজাতে চাইছে কংগ্রেস। গত বিধানসভা নির্বাচনে অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি) ও অত্যন্ত পিছিয়ে-পড়া শ্রেণি (ইবিসি)-র ভোটের বড় অংশ নিজেদের দিকে টেনে বিজেপি সাফল্য পেয়েছিল। এবার সেই ভোটব্যাঙ্কে থাবা বসাতে সচেষ্ট হাত শিবির। কংগ্রেস সূত্রে খবর, আগামী জুন মাসে লখনউয়ে ইবিসি সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে একটি বড় বৈঠকের আয়োজন করা হচ্ছে।

রাজ্যসভার ২৪ আসনে ভোট ১৮ জুন

আজকালের প্রতিবেদন
দিল্লি, ২২ মে

দেশের ১০টি রাজ্যের ২৪টি রাজ্যসভা আসনের নির্বাচনের দিন ঘোষণা করল নির্বাচন কমিশন। আগামী ১৮ জুন ভোটগ্রহণ হবে। সংসদের উচ্চকক্ষের বেশ কয়েকজন সদস্যের মেয়াদ ২১ জুন থেকে ১৯ জুলাইয়ের মধ্যে শেষ হওয়ায় এই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এর বাইরে মহারাষ্ট্রের একটি ও তামিলনাড়ুর একটি আসনে রাজ্যসভার উপনির্বাচন হতে চলেছে। নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ৮ জুন। গণনা ও ফল ঘোষণা হবে ভোটের দিনেই। ৪টি করে আসনে নির্বাচন হবে অন্ধ্রপ্রদেশ, গুজরাট, কর্ণাটকে। ৩টি আসনে নির্বাচন মধ্যপ্রদেশ, রাজস্থানে। ২ আসন ঝাড়খণ্ডে এবং মণিপুর, মেঘালয়, অরুণাচল প্রদেশ এবং মিজোরামে একটি করে রাজ্যসভা আসনে ভোট গ্রহণ হবে। জানা গিয়েছে, যে আসনগুলিতে ভোট হতে চলেছে, সেগুলির মধ্যে বিজেপির দখলে রয়েছে ১২টি আসন। কংগ্রেসের হাতে রয়েছে ৪টি। এই দফায় যে সব সাংসদের মেয়াদ শেষ হচ্ছে তাঁদের মধ্যে একাধিক হেভিওয়েট নাম রয়েছে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবগৌড়া, কংগ্রেস নেতা দিগ্বিজয় সিংদের মেয়াদ শেষ হচ্ছে। এই মুহূর্তে বিভিন্ন বিধানসভার যা পরিস্থিতি তাতে নিজেদের ১২ আসন ধরে রেখেও দু-একটি আসন বাড়াতে পারে বিজেপি। আবার কংগ্রেসেরও এক-দুটি আসন বাড়তে পারে।

শীর্ষ কোর্টে পিছোল আইপ্যাক শুনানি

সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেল আইপ্যাক মামলার শুনানি। বাংলায় সরকার বদলের পর দ্বিতীয় বার পিছোল শুনানি। শুক্রবার বিচারপতি প্রশান্তকুমার মিশ্র এবং বিচারপতি এনভি আঞ্জরিয়ার বেঞ্চে শুনানির কথা ছিল মামলাটির। মামলার শুনানি মুলতুবি করা হয় আগস্ট পর্যন্ত। পরবর্তী শুনানি হবে ১৮ আগস্ট।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। দিল্লিতে, শুক্রবার। ছবি: পিটিআই

টাকার দামে পতন, আশঙ্কা মূল্যস্ফীতির

আজকালের প্রতিবেদন

ডলারের নিরিখে টাকার একটানা পড়তি দাম নিয়ে উদ্বেগের মধ্যে কিছুটা স্বস্তির খবর মিলল শুক্রবার। বৃহস্পতিবারের পর শুক্রবারও টাকার দাম সামান্য বেড়ে হয়েছে ৯৫ টাকা ৬০ পয়সা, কয়েক দিন আগে যা নেমেছিল ৯৭ টাকায়। ইরানের সঙ্গে আমেরিকায় আলোচনায় সামান্য অগ্রগতির খবরে এ দিন দাম কমেছে অপরিশোধিত তেলের। সে কারণে টাকার ওপর চাপ কমেছে। যদিও ভারতের বিদেশি মুদ্রার সঞ্চয় ১৫ মে শেষ হওয়া সপ্তাহে ৮.০৯৪ বিলিয়ন কমে দাঁড়িয়েছে ৬৮৮.৮৯৪ বিলিয়ন ডলারে। আশঙ্কা, টাকার দামে যদি পতন চলতেই থাকে তা হলে বাজারে ফিরবে মূল্যস্ফীতি। তাতে লোকজনের খরচে টান পড়বে এবং তার জেরে শেষ পর্যন্ত গতি কমতে পারে আর্থিক বৃদ্ধির।

অর্থনীতিবিদদের মধ্যে এখন যে প্রশ্নটা সবচেয়ে বেশি চর্চিত তা হল, ডলারের নিরিখে টাকার দাম যদি ১০০-য় পৌঁছোয়, সেটা কতখানি উদ্বেগের? নীতি আয়োগের প্রাক্তন ভাইস চেয়ারম্যান এবং ষষ্ঠদশ অর্থ কমিশনের চেয়ারম্যান অরবিন্দ পানাগরিয়ার মতে, ১ ডলারের নিরিখে টাকা ১০০-তে পৌঁছোলেও চিন্তার কিছু নেই। ৯৯ কিংবা ১০১-এর মতো ১০০-ও নিছক একটা সংখ্যা। তাই রিজার্ভ ব্যাঙ্কের ঝাঁপিয়ে পড়ে সঞ্চিত ডলার খরচ করে টাকার পতন ঠেকানোর দরকার নেই। তাঁর কথায়, যদি অপরিশোধিত তেলের বাড়তি দামের কারণে টাকার দামে পতন হতে থাকে, তা হলে সেটাই বরং কিছুটা সহায়ক হিসাবে কাজ করবে। যুক্তিটা এরকম। টাকার দাম কমলে আমদানি করা জিনিসের দাম বাড়বে। এতে বিদেশি জিনিসের চাহিদা কমবে। ভারতীয় পণ্য বিদেশের বাজারে সস্তা হবে। তাতে রপ্তানি বাবদ আয় বাড়বে।

কেন্দ্রকে রেকর্ড ডিভিডেন্ড আরবিআইয়ের

সংবাদ সংস্থা
মুম্বই, ২২ মে

কেন্দ্রীয় সরকারের পক্ষে স্বস্তির খবর। ২০২৫-২৬ অর্থবর্ষে রিজার্ভ ব্যাঙ্ক সরকারকে দেবে ২.৮৭ লক্ষ কোটি টাকার ডিভিডেন্ড। এটা রেকর্ড পরিমাণ। শুক্রবারই একথা ঘোষণা করেছে কেন্দ্র। এর ফলে আর্থিক প্রশ্নে কিছুটা স্বস্তিতে থাকবে কেন্দ্র। এর আগে ২০২৪-২৫ অর্থবর্ষে ডিভিডেন্ডের পরিমাণ ছিল ২.৬৯ লক্ষ কোটি টাকা, যা ছিল ২০২৩-২৪ অর্থবর্ষের তুলনায় ২৭.৪ শতাংশ বেশি। ২০২৩-২৪ এবং ২০২২-২৩ অর্থবর্ষে রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া ডিভিডেন্ডের পরিমাণ ছিল যথাক্রমে ২.১ লক্ষ কোটি টাকা ও ৮৭,৪১৬ কোটি টাকা। আরবিআই এদিন এক বিবৃতিতে জানিয়েছে, ২০২৫-২৬ অর্থবর্ষে নিট আয় দাঁড়িয়েছে ৩,৯৫,৯৭২.১০ কোটি টাকা। ২০২৪-২৫ সালে এর পরিমাণ ছিল ৩,১৩,৪৫৫.৭৭ কোটি টাকা।

তিন দিনের শর্তাধীন জামিন উমর খালিদের

আজকালের প্রতিবেদন
দিল্লি, ২২ মে

দিল্লি হিংসা মামলায় অভিযুক্ত উমর খালিদের অবশেষে মিলল জামিন। তবে মাত্র তিন দিনের শর্তাধীন জামিন মঞ্জুর করেছে দিল্লি হাইকোর্ট। আগামী ১ জুন থেকে ৩ জুন পর্যন্ত তিনি জেলের বাইরে থাকতে পারবেন। আদালত তিনটি শর্তে তাঁকে জামিন দিয়েছে। এক লক্ষ টাকার ব্যক্তিগত বন্ডে এই জামিন মঞ্জুর করা হয়েছে। জামিনের সময় উমরকে এনসিআর-এর মধ্যে নিজের বাড়িতেই থাকতে হবে এবং শুধুমাত্র হাসপাতাল যাওয়ার অনুমতি থাকবে। মায়ের অস্ত্রোপচারের সময় পাশে থাকার জন্য ১৫ দিনের অন্তর্বর্তী জামিন চেয়েছিলেন তিনি। কিন্তু আদালত তাঁর তিন দিনের জামিন মঞ্জুর করেছে।

এভারেস্ট জয় করে ফেরার পথে ২ ভারতীয়ের মৃত্যু

সংবাদ সংস্থা
কাঠমান্ডু, ২২ মে

মাউন্ট এভারেস্ট জয় করে ফেরার সময় মৃত্যু হল দুই ভারতীয় পর্বতারোহীর। তাঁরা হলেন অরুণ কুমার তিওয়ারি এবং সন্দীপ আরে। এক্সপিডিশন অপারেটর্স অ্যাসোসিয়েশন অফ নেপালের সেক্রেটারি জেনারেল ঋষি ভাণ্ডারী বলেন, বুধবার বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গে পৌঁছোন আরে। তিওয়ারি পৌঁছোন বৃহস্পতিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। নামার সময় ক্লান্তি গ্রাস করে দু'জনকে। শেরপারা তাঁদের বাঁচানোর জন্য সবরকম চেষ্টা করলেও শেষরক্ষা হয়নি।

বৃহস্পতিবার রাতে শেরপারা সাউথ কোলের ব্যালকনির কাছ থেকে আরেকে উদ্ধার করেন। তাঁকে বাঁচানোর চেষ্টা করেও লাভ হয়নি। অন্যদিকে, দুই অভিজ্ঞ শেরপার সঙ্গে নামছিলেন তিওয়ারি। হিলারি স্টেপের কাছে তিনি অসুস্থ হয়ে পড়েন। ঋষি ভাণ্ডারী বলেন, বহুক্ষণের চেষ্টা সত্ত্বেও তিওয়ারিকে বাঁচাতে পারেননি শেরপারা। এই নিয়ে চলতি মরশুমে পাঁচজন পর্বতারোহী প্রাণ হারালেন। এর আগে অভিযানের সময় তিন নেপালি পর্বতারোহীর মৃত্যু হয়েছিল।

বুধবার নেপালের দিক দিয়ে মাউন্ট এভারেস্টে ওঠেন ২৭৪ জন পর্বতারোহী। তাঁদের মধ্যে তিনজন ভারতীয়। সকলেই ৮৮৪৮.৮৬ মিটার উচ্চতায় পৌঁছোন। এর আগে ২০১৯ সালের মে মাসে নেপালের দিক দিয়ে ২২৩ জন পর্বতারোহী এভারেস্টের শীর্ষে পৌঁছেছিলেন।

শিশুমৃত্যু রোধে দেশের সেরা ত্রিপুরা

তরুণ চক্রবর্তী

শিশুমৃত্যুর হার প্রতিরোধে দেশের সেরা ত্রিপুরা। মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহার আমলে জাতীয় হারের থেকেও রাজ্যে শিশুমৃত্যুর হারকে কমিয়ে আনা সম্ভব হয়েছে। মুখ্যমন্ত্রী নিজে এ জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছেন। কিন্তু বিশেষজ্ঞদের মতে, রাজ্যের স্বাস্থ্য-ব্যবস্থার ব্যাপক উন্নতিই এই সাফল্যের মূল কারণ। বিজেপির শাসনকালে ত্রিপুরায় সমৃদ্ধ হয়েছে স্পেশ্যাল নিউবর্ন কেয়ার ইউনিট (এসএনসিইউ) এবং নিউবর্ন স্টেবিলাইজেশন ইউনিট (এনবিএসইউ)। ফলে সদ্যোজাতদের চিকিৎসায় ব্যাপক সাফল্য আসছে।

ত্রিপুরায় এখন এমবোলাইজেশন পদ্ধতিতে জরায়ুর ধমনি-শিরা বিকৃতি (এভিএম) থেকে বিভিন্ন জটিল রোগের চিকিৎসা হচ্ছে। মানুষকে আর কথায় কথায় বাইরের রাজ্যে ছুটতে হচ্ছে না বলে চিকিৎসকদের বড় অংশ মনে করেন। সম্প্রতি এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নিজেই জানান, স্বাস্থ্যক্ষেত্রে উন্নতির কারণে ভিন্‌রাজ্যে রোগী পাঠানোর প্রবণতা ৮০ শতাংশ রদ করা সম্ভব হয়েছে। অন্য দিকে, চলতি মাসে প্রকাশিত ভারত সরকারের স্যাম্পল রেজিস্ট্রেশন সিস্টেম (এসআরএস) থেকে জানা যায়, ত্রিপুরায় ২০২৪ সালে প্রতি হাজারে ১২ জন সদ্যোজাতের মৃত্যু হয়েছে। এই সময়কালে জাতীয় হার ছিল ২৪। ত্রিপুরার প্রতিবেশী রাজ্যগুলির মধ্যে অসমে এই হার ছিল ২৯, মেঘালয়ে ৩১ এবং অরুণাচল প্রদেশে ১৭। সকলেই পিছিয়ে ত্রিপুরার থেকে। গত বছর সেপ্টেম্বরে প্রকাশিত রিপোর্টে ত্রিপুরায় ২০২৩ সালে প্রতি হাজারে মৃত সদ্যোজাতের সংখ্যা ছিল ১৩ এবং জাতীয় হার ছিল ১৫। শুধু শিশুমৃত্যুর হারই নয়, শিশুজন্মের হারও ত্রিপুরায় কম। জাতীয় হার ১৮.৩-এর তুলনায় ত্রিপুরায় জন্মহার ১৫ এবং মৃত্যুর হার জাতীয় গড়ের ৬.৪-এর বিপরীতে ৫.৯। ত্রিপুরার স্বাস্থ্য দপ্তর নিজের হাতেই রেখেছেন মুখ্যমন্ত্রী মানিক সাহা। তিনি নিজেও একজন চিকিৎসক ও চিকিৎসা বিজ্ঞানের অধ্যাপক। তাঁর হাত ধরেই রাজ্যে চিকিৎসা ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্তন হচ্ছে। সরকারি ও বেসরকারি, উভয় ক্ষেত্রেই ত্রিপুরায় এখন মেডিক্যাল ও নার্সিং কলেজও বেশ উন্নতি করেছে। প্রতিষ্ঠিত হয়েছে নার্সিং কলেজ। জেলা ও মহকুমা স্তরের চিকিৎসা পরিকাঠামোর উন্নতি হচ্ছে বিজেপির শাসনে। সব মিলিয়ে ছোট্ট পাহাড়ি রাজ্য ত্রিপুরাকে মডেল রাজ্য করার কর্মযজ্ঞ চলছে পুরোদমে।

যুকো ব্যাঙ্ক UCO BANK

ইউকো ব্যাঙ্ক
কলকাতা জোনাল অফিস
৫, এলএলআর সরণি, কলকাতা-৭০০০২০। ফোন: ০৩৩-৪৮০৯০৮৭৮ / ৪৮০৯০৮৭৯
ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

ই-নিলামের তারিখ: ২৯.০৬.২০২৬
ইএমডি ওয়ালেটে ইএমডি (বায়না জমা) দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তি নিলামের ১ দিন আগে

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)-এর অধীনে ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।
যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক আমাদের শাখায় থাকা লোন অ্যাকাউন্টগুলিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের জন্য নিম্নলিখিত সম্পত্তিগুলি সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারি করা বিজ্ঞপ্তির প্রেক্ষিতে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'রিকোর্স ছাড়া' ভিত্তিতে বিক্রির অধিকার সমেত দখল নিয়েছেন। এই বিক্রি https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
সারফায়েসি অ্যাক্টের অধীনে সম্পত্তির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষণ মূল্য নির্ধারণ:
আমাদের ব্যাঙ্কে দায়বদ্ধ নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক মূল্যায়ন প্রতিবেদনের (১ বছরের বেশি পুরনো নয়) ভিত্তিতে এবং সংশ্লিষ্ট শাখার সঙ্গে আলোচনার প্রেক্ষিতে সারফায়েসি ক্রিয়ার অধীনে বিক্রয় প্রক্রিয়া চালুর জন্য ২৯.০৬.২০২৬ তারিখে প্রস্তাবিত নিলাম বিক্রিতে তাদের সিইসিপি-তে সংশ্লিষ্ট শাখাগুলির তরফে উল্লেখমতো সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য নির্ধারিত হয়েছে।

ক্রম নং	ক) ঋণ মঞ্জুরকারী শাখার নাম এবং ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর	ক) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) জামিনদার/ প্রোপ্রাইটরের নাম ও ঠিকানা	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী অনাদায়ী বকেয়া	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) ই-নিলামের তারিখ ও সময়	মন্তব্য
১	জে এম অ্যাভিনিউ নেহা সাগর ৯৭০৯৪৫০৭৯২ ব্রাঞ্চ হেড ৭২৭৮৫৩৪৯৮	১. আবেদনকারী: মিঃ কৃষ্ণেন্দু বোস	ক) ১০.১২.২০২৫ খ) ২৩.০২.২০২৬ গ) ₹৫১,৫৪,৫৪১/-	১৩০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (যার সমতুল্য ৯১০ বর্গফুট কার্পেট এরিয়া) পরিমাপের মার্বেল মেঝেযুক্ত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট (ফ্ল্যাট নং ১৩ডি, ব্লক সি, মনীষা অ্যাপার্টমেন্ট নামক জি+৪ তলা ভবনের প্রথম তলার পশ্চিম দিকে অবস্থিত) এবং উক্ত ভবনে উপলব্ধ সাধারণ এলাকা এবং সুবিধাগুলি ব্যবহার ও উপভোগ করার অধিকার সহ জমির অবিভক্ত আনুপাতিক ভাগের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- রামচন্দ্রপুর; জে এল নং ৫৮, পরগণা- মাগুরা, তৌজি নং ১১০, আর এস নং ১৯৫; আর এস দাগ নং ৭৮৪/১৬৫৫, ১০৩৪, ১০২৪ এবং ১০২৭; এল আর দাগ নং ১১৩৬, ১১৩৭, ১১৪০, ১১৪৮, আর এস খতিয়ান নং ১২৫, ১২৪, ১০৭, ৮৯০; এল আর খতিয়ান নং ২২৭১, ৩১৯২, ৩১৯৩, ২৬১২, বনহুগলী ১ নং গ্রাম পঞ্চায়েত এলাকার অন্তর্গত; থানা এবং এ ডি এস আর অফিস সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, রাজ্য- পশ্চিমবঙ্গ, যা শ্রী কৃষ্ণেন্দু বসু (পিতা- কল্যাণ কুমার বসু)-এর নামে ডি এস আর - ৩ দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-এর অফিসে ২০২৫ সালের দলিল নং ১৬০৩১৩৬৫৪ হিসেবে বুক নং ১, ভলিউম নং ১৬০৩ - ২০২৫, পৃষ্ঠা ৩৬৬৬৫২ থেকে ৩৬৬৬৮৭-তে নিবন্ধিত। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- আর এস দাগ নং ৭৮৪-এর অংশ; দক্ষিণ- আর এস দাগ নং ১০২৪(অংশ), ১০৩৪(অংশ); পূর্ব- ৮ ফুট চওড়া সাধারণ চলাচলের পথ; পশ্চিম- ১৬ ফুট চওড়া সাধারণ চলাচলের পথ।	ক) ₹৫৬,৭৬,৫০০/- খ) ₹৫,৬৮,০০০/- গ) ₹২০,০০০/- ঘ) ২৯.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা	বাস্তবিক
২	খিদিরপুর অভয় কুমার ৯৯০৩৩৯৫৯৬৯ ব্রাঞ্চ হেড ৮৩১০৬৩০১৪১	ক) আবেদনকারী: ১. ব্রততী চ্যাটার্জি খ) সহ-আবেদনকারী: ১) প্রয়াত মানস চ্যাটার্জি গ) আইনি উত্তরাধিকারী: ১. অর্ক চ্যাটার্জি	ক) ২৬.০৬.২০২৫ খ) ১৪.০১.২০২৬ গ) ₹১৫,১৯,২৬০.৮২	সামান্য কমবেশি ৮২২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া পরিমাপের ২ টি শোওয়ার ঘর, ১ টি রান্নাঘর কাম ডাইনিং, ২ টি শৌচালয় এবং ১ টি বারান্দা বিশিষ্ট একটি স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট (ফ্ল্যাট নং এফ, ভবনের তৃতীয় তলার দক্ষিণ পশ্চিম দিকে অবস্থিত) এবং উপরিউক্ত প্রেমিসেস-এ অবস্থিত ভবনের সমস্ত এজমালির অধিকার সহ জমির অবিভক্ত আনুপাতিক ভাগের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৫৯৫, দক্ষিণ বেহালা রোড, পোঃঅঃ- সরশুনা, থানা- ঠাকুরপুকুর, কলকাতা- ৭০০০৬১, জেলা- দক্ষিণ ২৪ পরগণা (ভবনে কোনো লিফট নেই), যা শ্রীমতী ব্